

# বাজেটে আর্থিক বরাদ্দ সম্পর্কিত বেসিসের প্রস্তাবনা

## ১) তথ্য প্রযুক্তি শিল্প উন্নয়ন তহবিল গঠন (ICT Industry Development Fund):

তথ্য প্রযুক্তি শিল্পের উন্নয়নের জন্য জাতীয় আইসিটি নীতিমালায় (১৫৯ নং অ্যাকশন আইটেম) ৭০০ কোটি টাকার আইসিটি শিল্প উন্নয়ন তহবিল গঠন করার সুনির্দিষ্ট উলেখ আছে। তথ্য প্রযুক্তি শিল্পের পক্ষ থেকে বেশ কয়েক বছর ধরে আমরা এই তহবিল গঠনের দাবী করে আসছি। আসন্ন বাজেটে এ বিষয়ে আপনার সুনির্দিষ্ট দিকনির্দেশনা কামনা করছি। এ প্রসঙ্গে আমাদের প্রস্তাবনা - প্রস্তাবিত তহবিল গঠনের জন্য এর ১০% পরিমাণ অর্থ (৭০ কোটি টাকা) ২০১১-১২ অর্থবছরের বাজেটে বিশেষভাবে বরাদ্দ করা হোক এবং এই তহবিল পরিচালনার জন্য একটি কর্তৃপক্ষ গঠন করা হোক।

## ২) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ মানব সম্পদ উন্নয়নের জন্য বিশেষ বাজেট বরাদ্দ

বর্তমানে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী যথেষ্ট পরিমাণে দক্ষ জনশক্তির (IT Professional) তীব্র অভাব রয়েছে। এ প্রসঙ্গে আমাদের সুনির্দিষ্ট প্রস্তাবনা - আগামী দুই বছরে ১০,০০০ আইটি প্রফেশনাল তৈরীর লক্ষ্যে সরকারী-বেসরকারী সমন্বিত উদ্যোগে একটি স্বল্পমেয়াদী ক্র্যাশ ট্রেনিং প্রোগ্রাম পরিচালনার জন্য ৫০ কোটি টাকার বিশেষ বাজেট বরাদ্দ রাখা হোক।

## ৩) সফটওয়্যার টেকনোলজি পার্কের জন্য বিশেষ বাজেট বরাদ্দ

সফটওয়্যার এবং আইটি এনাবেল্ড শিল্পের বিকাশ ত্বরান্বিত করার জন্য শুধু ঢাকাতেই ন্যূনতম ৫টি সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপনের আশু প্রয়োজনীয়তা রয়েছে। এ প্রসঙ্গে বেসিসের সুস্পষ্ট প্রস্তাবনা - সফটওয়্যার টেকনোলজি পার্ক (এসটিপি) স্থাপনের জন্য ৫০ কোটি টাকা খোক বরাদ্দ করা হোক।

## ৪) ই-গভর্নেন্স কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ

জাতীয় আইসিটি নীতিমালায় বিভিন্ন মন্ত্রণালয়ে ই-গভর্নেন্স কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে উন্নয়ন বাজেটের ৫% এবং রাজস্ব বাজেটের ২% অর্থ বরাদ্দ করার নির্দেশনা দেওয়া রয়েছে (জাতীয় আইসিটি নীতিমালার ১০০ নং অ্যাকশন আইটেম)। এ আলোকে আমরা আশা করছি জাতীয় বাজেট বক্তৃতায় আপনার সুনির্দিষ্ট প্রস্তাবনা ও নির্দেশনা থাকবে।

# কর সম্পর্কিত বেসিসের প্রস্তাবনা

## ১) সফটওয়্যার ও আইটিইএস শিল্পে আয়কর অব্যাহতি সুবিধা

জাতীয় আইসিটি নীতিমালা ২০০৯-এ সফটওয়্যার ও আইটিইএস শিল্পে আয়কর অব্যাহতি সুবিধা ২০১৮ সাল পর্যন্ত বৃদ্ধির সুনির্দিষ্ট নির্দেশনা রয়েছে। আমরাও মনে করি দেশী ও বিদেশী বিনিয়োগ উৎসাহিত করার ক্ষেত্রে এই অবকাশ সুবিধার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সম্প্রতি প্রকাশিত এখঃহবঃ-এর আউটসোর্সিং রিপোর্টে এব্যাপারেও সুনির্দিষ্ট উল্লেখ রয়েছে। এ বিষয়ে বেসিসের প্রস্তাবনা- জাতীয় আইসিটি নীতিমালা অনুযায়ী আয়কর মওকুফ সুবিধা আরো ৭ (সাত) বছরের (২০১৮ সাল পর্যন্ত) জন্য বৃদ্ধি করা হোক।

## ২) ইন্টারনেট সেবার উপর থেকে মুসক প্রত্যাহার

দেশব্যাপী ইন্টারনেটের ব্যবহার বৃদ্ধি করার লক্ষ্যে বেসিসের সুনির্দিষ্ট প্রস্তাবনা - বর্তমানে ইন্টারনেট সেবার উপর আরোপিত ১৫% মূল্য সংযোজন কর সম্পূর্ণরূপে প্রত্যাহার করা হোক।

## ৩) সফটওয়্যার ও আইটিইএস শিল্পের জন্য আলাদা মুসক সার্ভিস কোড

Software and ITES এর জন্য একটি নতুন সার্ভিস কোড ঘোষণা করা হোক যা Software and ITES প্রতিষ্ঠান কর্তৃক তাদের মুসক তালিকাভুক্ত/নিবন্ধনের সময় ব্যবহার করতে পারে। একইসাথে সুনির্দিষ্ট সময়ের জন্য এই সেবাকে মুসক অব্যাহতি সেবার তালিকায় অন্তর্ভুক্ত করা হোক।